


দুর্যোগ ব্যবস্থা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা

- তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধানমালা, ২০১০ এর সাথে সংগতি রেখে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় স্বপ্রণোদিত হয়ে তথ্য প্রকাশ ও প্রচার নির্দেশিকা প্রণয়ন করে তথ্য প্রকাশ ও প্রচার নিশ্চিত করবে।
- যে সকল তথ্য সরবরাহ করা বাধ্যতামূলক নয় তার তালিকা প্রস্তুত করে ওয়েবসাইটে প্রকাশ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বছরে অন্তত একবার তথ্য ও সেবা সম্পর্কিত নাগরিক সভা আয়োজন করবে।
- নতুন কোন আইন, বিধি বিধান, নির্দেশনা এবং প্রাসঙ্গিক অনুমোদিত বিষয়াদি ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
- নাগরিকদের তথ্য প্রাপ্তির এবং নিষ্পত্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে যথাসময়ে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- মাসিক সমন্বয় সভায় স্বপ্রণোদিত তথ্য প্রকাশ ও প্রচারের বিষয় আলোচ্যসূচিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম স্বপ্রণোদিত তথ্য প্রকাশের নির্দেশিকা বাস্তবায়নের বিষয় তদারকি করবে।


২৯/৩/২০১০